দৈনিক
ইত্তেফাক

21 JAN 2017
পৃষ্ঠা ... ...

# শিক্ষকরাই ডিজিটাল বাংলাদেশ গড়ার মূল কারিগর

## — সৈয়দা সাজেদা চৌধুরী

■ নগরকান্দা (ফরিদপুর) সংবাদদাতা

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মণ্ডলীর সদস্য ও সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী বলেছেন, শিক্ষকরাই ডিজিটাল বাংলাদেশ গড়ার মূল কারিগর। তিনি শুক্রবার নিজ নির্বাচনী এলাকা নগরকান্দা উপজেলার প্রাথমিক শিক্ষকদের সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। তিনি শিক্ষকদের উদ্দেশ্যে আরো বলেন, আপনাদের দক্ষ সেবা ডিজিটাল বাংলাদেশ গড়ায় অগ্রণী ভূমিকা পালন করেছে। তাই আপনাদের প্রতি অনুরোধ ডিজিটাল বাংলাদেশে ডিজিটাল পদ্ধতিতে শিক্ষার্থীদের লেখাপড়া শেখাবেন।

উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে এ মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ উপনেতার পুত্র আয়মন আকবর বাবলু চৌধুরী। উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মানোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় আরো উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোবাশ্বের হাসান, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিবুপদ দে, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বেলায়েত হোসেন মিয়া, শিক্ষক সমিতির সাবেক সভাপতি আব্দুস সামাদ মিয়া, উপজেলা যুবলীগের সভাপতি মিজানুর রহমান, সাধারণ সম্পাদক মঈদুল ইসলাম লিখন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক খালেদ হোসাইন বাকী, সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান প্রমুখ।